যুগান্তর ৩

MAR 19 2001

তারিখ ……

পৃষ্ঠা ৩ কলাম ৬……

# ২০ মার্চ বেসরকারি প্রাথমিক শিক্ষকদের ঘেরাও কর্মসূচি

**যুগান্তর রিপোর্ট**

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি আগামী ২০ মার্চ দেশের সব উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তার অফিস ঘেরাও এবং ২ এপ্রিল ওসমানী উদ্যানে বিক্ষোভ সমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে। গতকাল রোববার বিকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এই কর্মসূচি ঘোষণা করা হয়।

সমিতির সভাপতি সামসুল আলম লিখিত বক্তব্য পাঠ করেন। উপস্থিত ছিলেন সহ-সভাপতি আবুবকর সিদ্দিক, মহাসচিব আক্কাস আলী শেখ, মহিউদ্দিন খন্দকার, নূর মোহাম্মদ পাটোয়ারী, আমিনুল ইসলাম চৌধুরী ও আবদুল মালেক ফরাজী।